



## সরু চালের নতুন জাত ব্রি ধান৮১

জাতীয় বীজ বোর্ডের ৯৩তম সভায় গত ১১ অক্টোবর ব্রি উদ্ভাবিত একটি কৌলিক সারি BR7358-5-3-2-1-HR2 (Com) ব্রি ধান৮১ হিসাবে বোরো মৌসুমে সারা বাংলাদেশ চাষাবাদের জন্য নতুন জাত হিসেবে অবমুক্ত হয়েছে। এ জাতটি ব্রি ধান২৮-এর পরিপূরক, প্রতিকূল আবহাওয়ায় চলে পড়ে না। ব্রি ধান২৮-এর মতোই এর ফলন ৬-৬.৫ টন এবং জীবনকাল ১৪০-১৪৫ দিন। বিশেষত্ব হলো এই নতুন জাতের চালে উচ্চমাত্রার প্রোটিন (১০.৩%) বিদ্যমান এক এনাইলোজের পরিমাণ (২৬.৫%) বেশি বিধায় রান্না করা ভাত ঝরঝরে হয় এবং ভাতের দৈর্ঘ্য লম্বায় ১.৬ গুণ বেড়ে যায় যা দেখতে প্রায় বাসমতির মতো মনে হয়। সুগন্ধ ছাড়া প্রিনিয়াম কোয়ালিটি (সরু চালের) রাইসের সব বৈশিষ্ট্যই বিদ্যমান বিধায় এটি বিদেশে রপ্তানিযোগ্য। এ ছাড়া এজাতটি দেশীয় বাজারে জিরা/জিরাশাইলের বিকল্প জাত হিসেবে চাহিদা পূরণ করবে। বিজ্ঞানীদের দীর্ঘ ১৪ বছরের গবেষণার ফসল ব্রি ধান৮১ কৃষকদের কাছে সমাদৃত হোক এই কামনা সর্বশ্রুত সবার।

□ কৃষি ও সম্ভাবনা ডেক্স